

## স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা জাতীয় স্কেলে বেতন প্রদানের দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের বেতন জাতীয় স্কেলে প্রদানের দাবি জানিয়েছে বাংলাদেশ স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতি। গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাব অডিটোরিয়ামে আয়োজিত এক সমাবেশ থেকে এ দাবি জানানো হয়।

সংগঠনের সভাপতি কাজী রুহুল আমিন জৌধীর সভাপতিত্বে সমাবেশ সমিতির মহাসচিব মোখলেসুর রহমান, মুখ্য মহাসচিব আবু মুসা হুইচা, মাওলানা শাহজাহান, মাওলানা নজরুল ইসলাম খিরন, ফিরায়িল হক জিয়া, নুরুল আমান, আবদুল রাক্কাক প্রমুখ বক্তব্য রাখেন।

সমাবেশে জানানো হয়, প্রধানমন্ত্রী তার নিজস্ব কার্যালয়ে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের বেতন দেয়ার ঘোষণা দেন। এছাড়া বেতন দেয়ার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে থেকে শিক্ষা মন্ত্রণালয়ে চিঠিও দেয়া হয়। কিন্তু প্রধানমন্ত্রীর ওই সিদ্ধান্ত এখনো বাস্তবায়ন হয়নি।

সমাবেশ থেকে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের ন্যায় বাংলাদেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের জাতীয় স্কেলে প্রদানের দাবি জানানো হয়।

পরে সমিতির পক্ষ থেকে স্মারকসিপি প্রদানের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে যাওয়ার সময় প্রেসক্লাব মুখে পুলিশ তাদের বাধা দেয়। পরে সমিতির পক্ষ থেকে একটি প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে স্মারকসিপি প্রদান করে।